

জানিয়েছে রিউমার স্ক্যানার

ব্র্যাক বিশ্ববিদ্যালয় এককভাবে দেশসেরার তথ্যটি সঠিক নয়

ঢাবি প্রতিবেদক

২৯ সেপ্টেম্বর ২০২৩, ১১:৩৩ পিএম



যুক্তরাজ্যভিত্তিক সাময়িকী টাইমস হায়ার এডুকেশন প্রকাশিত ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‍্যাংকিং ২০২৪ এ ৮০১- ১ হাজারের মধ্যে স্থান পেয়েছে বাংলাদেশের চারটি বিশ্ববিদ্যালয়। বিশ্ববিদ্যালয়গুলো হলো ব্র্যাক ইউনিভার্সিটি, ঢাকা বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ও নর্থ সাউথ ইউনিভার্সিটি।

তালিকা প্রকাশের পরপরই সামাজিক যোগাযোগমাধ্যম ও বিভিন্ন গণমাধ্যমে ‘দেশসেরা ব্র্যাক বিশ্ববিদ্যালয়’ কিংবা ‘ঢাকা বিশ্ববিদ্যালয়কে পেছনে ফেলে শীর্ষে ব্র্যাকবিশ্ববিদ্যালয়’ এমন খবর প্রচার হয়। তবে এ দাবিটি বিভ্রান্তিকর বলে জানিয়েছে তথ্য যাচাইকারী প্রতিষ্ঠান রিউমার স্ক্যানার বাংলাদেশ।

ইংরেজি বর্ণমালার ক্রমানুসারে তালিকা প্রস্তুত করায় ব্র্যাকবিশ্ববিদ্যালয়টির নামটি ৮০১-১০০০’র মধ্যে শীর্ষে এসেছে বলে প্রতিষ্ঠানটির এক অনুসন্ধানে জানা গেছে।

রিউমার স্ক্যানার টাইমস হায়ার এডুকেশনের বরাত দিয়ে জানিয়েছে, ৮০১-১০০০ এর মধ্যে থাকা বিশ্ববিদ্যালয়গুলোর নাম ইংরেজি বর্ণমালার ক্রমানুসারে রয়েছে এবং তাদের সকলের স্কোরও একই। কিন্তু বর্ণ ক্রমানুসারে ব্র্যাক ইউনিভার্সিটির নাম আগে থাকায় এটিকে বাংলাদেশের মধ্যে প্রথম স্থানে কিংবা 'ঢাকা বিশ্ববিদ্যালয়কে পেছনে ফেলে ব্র্যাক ইউনিভার্সিটি প্রথম' হয়েছে দাবি করে প্রচার করা হচ্ছে, যা সঠিক নয়।

সম্প্রতি প্রকাশিত এ তালিকায় দেশের মোট ৯টি বিশ্ববিদ্যালয় স্থান পেয়েছে। অন্যান্য বিশ্ববিদ্যালয়গুলো হলো ১০০১ থেকে ১২০০ এর মধ্যে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) ও রাজশাহী বিশ্ববিদ্যালয়। এছাড়া ১২০১ থেকে ১৫০০ বিশ্ববিদ্যালয়ের তালিকায় স্থান পেয়েছে খুলনা বিশ্ববিদ্যালয় ও শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

গত বছরের টাইমস হায়ার এডুকেশনের র‍্যাঙ্কিংয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় ও নর্থ সাউথ ইউনিভার্সিটি অবস্থান ছিল ৬০১ থেকে ৮০০ এর মধ্যে।